

চার দাবিতে পলিটেকনিক শিক্ষার্থীরা রাজপথে

নিজস্ব প্রতিবেদক

৬ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ৫ জানুয়ারি ২০২১ ২৩:১৫



অষ্টম পর্বের মৌখিক পরীক্ষা নেওয়া এবং চলমান সব নিয়োগে আবেদনের সুযোগ দেওয়াসহ চার দফা দাবি জানিয়েছেন পলিটেকনিক শিক্ষার্থীরা। বাংলাদেশ পলিটেকনিক ছাত্র পরিষদের ব্যানারে গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন করে নিজেদের দাবি জানান তারা। মানববন্ধনে শিক্ষার্থীরা জানান, আগামী সাত দিনের মধ্যে দাবি মানা না হলে বিক্ষোভ মিছিল ও পরবর্তী কার্যক্রম ঘোষণা করা হবে।

শিক্ষার্থীদের অন্য দাবিগুলো হলো- স্থগিত হওয়া দ্বিতীয়, চতুর্থ পর্বে তাত্ত্বিক অংশগুলোকে উত্তীর্ণ দিয়ে ব্যবহারিক পরবর্তী পর্বে সংযুক্ত

করা; প্রথম, তৃতীয়, পঞ্চম ও সপ্তম পর্বের সিলেবাস কমিয়ে অনলাইনে ক্লাস করানোর মাধ্যমে দ্রুত পরীক্ষা নেওয়া এবং ২০২১ খ্রিস্টাব্দের মধ্যে ডুয়েটসহ চারটি প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও অন্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ডিপ্লোমা শিক্ষার্থীদের আসন বরাদ্দ করা।

মানববন্ধনে শিক্ষার্থীরা বলেন, পলিটেকনিক ইনস্টিটিউটের অষ্টম পর্বের শিক্ষার্থীদের এখন একটি বিষয় বাকি আছে, সেটি হচ্ছে- মৌখিক পরীক্ষা। এটির জন্য আমরা কোনো ফল পাচ্ছি না। ফলে এ বছর যেসব নিয়োগ বিজ্ঞপ্তি ছিল, সেগুলোতে অংশ নিতে পারিনি। জেনারেল সেকশনের শিক্ষার্থীদের ফলের একটি ব্যবস্থা করা হলেও আমাদের ব্যাপারে এখন পর্যন্ত কোনো ধরনের সিদ্ধান্ত নেওয়া হয়নি। তাই আমরা এসব সমস্যা সমাধানের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণে মানববন্ধন করছি।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন খবর দৈনিক

আমাদের সময়

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy